# কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

### কোর্স : ইউ.জি মেজর ১১/১০১

### বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

১। বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কত খ্রিস্টাব্দে কার সম্পাদনায় প্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয়? এই কাব্যের খণ্ডগুলির নাম লেখো। বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে সমসাময়িক বাংলার আর্থসামাজিক ও সাংস্কৃতিক জীবন কীভাবে প্রতিফলিত হয়েছে বুঝিয়ে দাও। ১+৩+৬

**অথবা**

২। রাজপৃষ্ঠপোষণায় রচিত বাংলা মহাভারতের যে কোনো দুই জন কবির নাম লেখো। কাশীরাম দাস মহাভারতের কোন কোন পর্ব রচনা করেছিলেন বলে অনুমান করা হয়? কাশীদাসী মহাভারতের বিশিষ্টতার দিকগুলি আলোচনা করো। ১+২+৮

৩। “বেদ বসু তিন বাণ শকে সুপ্রচার / ভাদ্র আদ্য পক্ষ আট দিবস তাহার” — রচনাকালজ্ঞাপক শ্লোকটির অর্থ বুঝিয়ে দাও। ধর্মমঙ্গলকাব্যের যে কোনো দুই জন কবির নাম লেখো। বাংলা মঙ্গলকাব্যে চৈতন্যদেবের প্রভাব কীভাবে পড়েছিল বুঝিয়ে দাও। ৩+১+৬

[ Turn over



**অথবা**

৪। চৈতন্য-সমকালীন যুগের যে কোনো দুই জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো। বৃন্দাবনদাসের সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ করে ‘চৈতন্যভাগবত’ কাব্যের ঐতিহাসিক গুরুত্ব বুঝিয়ে দাও। ১+২+৭

৫। প্রণয়োপাখ্যান রচনার প্রস্তুতি কখন থেকে শুরু হয়েছিল? সেই প্রস্তুতি পর্বে সমাজ ও সংস্কৃতির ভূমিকা স্পষ্ট করো। ১০

**অথবা**

৬। গীতিকার বৈশিষ্ট্য উল্লেখ করো। গীতিকা ও পালাগানের পার্থক্য নির্দেশ করে পূর্ববঙ্গ গীতিকার মধ্যে পালাগানের লক্ষণগুলি আলোচনা করো। ৩+৭

৭। নাথসাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এই ধারার সাহিত্যের যে কোনো একটি কাব্যের বিশিষ্টতার দিকগুলি আলোচনা করো। ৩+৭

**অথবা**

৮। মুসলিম সাহিত্য ও ইসলামি সাহিত্যের মধ্যে পার্থক্য কী? ইসলামি সাহিত্যের বিবিধ ধারার পরিচয় দিয়ে শাহ মুহম্মদ সগীরের ‘ইউসুফ জোলেখা’ কাব্যের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ২+৮